# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৫১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৫. প্রথম অনুচ্ছেদ - সৃষ্টির প্রতি দয়া ও অনুগ্রহ

بَابُ الشَّفَقَةِ وَالرَّحْمَةِ عَلَى الْخَلْقِ

## আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «السَّاعِي عَلَى الْأَرْمَلَةِ وَالْمِسْكِينِ كَالسَّاعِي فِي سَبِيلِ اللَّهِ» وَأَحْسَبُهُ قَالَ: «كَالْقَائِمِ لَا يَفْتُرُ وَكَالصَّائِمِ لَا يفْطر» . مُتَّفق عَلَيْهِ

## বাংলা

৪৯৫১-[৫] আবূ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ বিধবা ও নিঃস্বদের জন্য উপার্জনকারী আল্লাহর রাস্তায় উৎসর্গকারীর মতো। বর্ণনাকারী বলেন, আমার ধারণা, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) এটাও বলেছেন যে, বিধবা ও নিঃস্বদের জন্য উপার্জনকারী রাতজাগা ’ইবাদাতকারীর মতো, যে অলসতা করে না এবং ঐ সায়িমের (রোযাদারের) মতো যে কক্ষনো সওম ভঙ্গ করে না। (বুখারী ও মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৬০০৬, ৬০০৭; মুসলিম ৪১-(২৯৮২), আহমাদ ৮৭৩২, নাসায়ী ২৫৭৭, ইবনু মাজাহ ২১৪০, তিরমিযী ১৯৬৯, সহীহুল জামি‘ ৩৬৮০, সহীহ আত্ তারগীব ২৫৪৬, সহীহ আল আদাবুল মুফরাদ ৯৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ২৮৮২, মুসান্নাফ ‘আবদুর রাযযাকব ২০৫৯২, সহীহ ইবনু হিব্বান ৪২৪৫, শু‘আবুল ঈমান ১১০২৯, সুনানুন্ নাসায়ী আল কুবরা ২৩৫৮, আল মু‘জামুল আওসাত্ব ৩০৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাক্বী ১৩০৪১।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ বিধবা এবং মিসকীনদের লালন পালনের বিষয়ে অত্র হাদীসে গুরুত্বারোপ করা হয়েছে। হাদীসের শব্দ ‘সাঈ’ এর অর্থ হলো উপার্জন, বিধবা মিসকীন এবং ইয়াতীমের ভরণ-পোষণের জন্য উপার্জন। বিধবা হলো যার

স্বামী মারা গিয়েছেন। ব্যাখ্যাকারীগণ বলেছেন, স্বামী মারা যাওয়া শর্ত নয়, যে নারীর স্বামী নেই সেই হচ্ছে বিধবা। কেউ বলেছেন, যার স্বামীর সাথে তার সম্পর্ক ছিন্ন হয়েছে সেও বিধবা।

ইবনু কুতায়বাহ্ (রহিমাহুল্লাহ) বলেনঃ এ ধরনের মহিলাকে হাদীসের ভাষায় বা ‘আরবী ভাষায় আরবেলা বলা হয়। ‘আরবেলা’ শব্দের অর্থ আরমেলা অর্থ হলো দারিদ্র্যতা এবং স্বামী হারানোর কারণে নিজে ভরণ পোষণে সক্ষমতা হারিয়ে কষ্টে জীবন যাপন কর। (ফাতহুল বারী ১০ম খন্ড, হাঃ ৬০০৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75675

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন